গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mefwd.gov.bd

স্মারক নং-৫৯.০০.০০০০.১০৪.১১.০০৯.২০১৯-১০৩৬

তারিখ: ১৪ আশ্বিন, ১৪২৬ বঙ্গাব্দ
২৯ সেপ্টেম্বর ,২০১৯ খ্রিস্টাব্দ

# নিয়োগ বিজ্ঞপ্তি

| ক্রমিক | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল- ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | বয়স | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করার প্রয়োজন নেই |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ০১ | সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর, (গ্রেড: ১৩)<br>বেতন স্কেল: টা: ১১,০০০-২৬,৫৯০/- | ০৮ টি | অনূর্ধ্ব ৩০ বছর | (ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রী;<br>(খ) সাঁটলিপিতে প্রতি মিনিটে অন্যূন বাংলায় ৪৫ শব্দ এবং ইংরেজিতে ৭০ শব্দের গতি সম্পন্ন হতে হবে;<br>(গ) কম্পিউটার টাইপিংয়ে প্রতি মিনিটে অন্যূন বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দের গতি সম্পন্ন হতে হবে;<br>(ঘ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত;<br>(ঙ) কম্পিউটার এ্যাপটিচ্যুড পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে;<br>(চ) কম্পিউটারে Word Processing সহ ই-মেইল ও ফ্যাক্স পরিচালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। | ময়মনসিংহ, লালমনিরহাট, যশোর এবং বরিশাল জেলার প্রার্থীগণের আবেদন করার প্রয়োজন নেই। তবে এতিম ও প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ০২ | কম্পিউটার অপারেটর<br>(গ্রেড: ১৩)<br>বেতন স্কেল: টা: ১১,০০০-২৬,৫৯০/- | ০৫ টি | অনূর্ধ্ব ৩০ বছর | (ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রী;<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হইতে হইবে; | |
| ০৩ | ক্যাশিয়ার<br>(গ্রেড: ১৪)<br>বেতন স্কেল: টা: ১০,২০০-২৪,৬৮০/- | ০১ টি | অনূর্ধ্ব ৩০ বছর | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে স্নাতক ডিগ্রী;<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা থাকতে হবে। | |
| ০৪ | অফিস সহায়ক<br>(গ্রেড: ২০)<br>বেতন স্কেল: টা: ৮,২৫০-২০,০১০/- | ০৫ টি | অনূর্ধ্ব ৩০ বছর | মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | নরসিংদী, ফরিদপুর, গোপালগঞ্জ, মাদারীপুর, মানিকগঞ্জ, শরিয়তপুর, কিশোরগঞ্জ, জামালপুর, নেত্রকোণা, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, লক্ষীপুর, নোয়াখালী, রাজশাহী, পাবনা, সিরাজগঞ্জ, নওগাঁ, চাঁপাইনবাবগঞ্জ, রংপুর, দিনাজপুর, গাইবান্ধা, কুড়িগ্রাম, লালমনিরহাট, যশোর, ঝিনাইদহ, মাগুরা, সাতক্ষীরা, বরিশাল এবং ঝালকাঠি জেলার প্রার্থীগণের আবেদন করার প্রয়োজন নেই। তবে এতিম ও প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |

আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অনুসরণ করতে হবে:

১। ০১/১০/২০১৯ খ্রি. তারিখে প্রার্থীর বয়সসীমা ৩নং কলামের বর্ণনা অনুযায়ী হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২বছর। আগামী ০১/১০/২০১৯ তারিখ সকাল ১০.০০ ঘটিকা হতে ২১/১০/২০১৯ খ্রি. তারিখ বিকাল ০৫.০০ ঘটিকার মধ্যে আবেদন করতে হবে;

২। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে;

৩। নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক নির্ধারিত বিদ্যমান সকল বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে;

৪। এ নিয়োগের ক্ষেত্রে সরকারী কোটা সংক্রান্ত বিদ্যমান বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে;

৫। সকল পদের জন্য লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। তবে ক্রমিক নম্বর ১, ২ ও ৩ এ বর্ণিত পদের জন্য বাছাই, লিখিত এবং ব্যবহারিক পরীক্ষায় (প্রযোজ্য ক্ষেত্রে) উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবেন;

৬। নিয়োগ বিজ্ঞপ্তির ০১ হতে ০৩ নং ক্রমিকে বর্ণিত পদের জন্য ১১২/- (একশত বার) টাকা এবং ০৪ নং ক্রমিকে বর্ণিত পদের জন্য ৫৬/- (ছাপ্পান্ন) টাকা রেজিষ্ট্রেশন ফি জমা দিতে হবে;

৭। লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনরূপ টি.এ/ডি.এ প্রদান করা হবে না;

৮। মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি ও Application Form এবং সকল কাগজপত্রের সত্যায়িত ছায়ালিপি দাখিল করতে হবে। এছাড়া জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণ হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ এবং আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও পুত্র-কন্যার পুত্র-কন্যা এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/ পৌরসভার মেয়র/ পৌরসভার কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে;

৯। আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে মুক্তিযোদ্ধার সনদপত্র, গেজেট, লাল মুক্তি বার্তা/ভারতীয় তালিকার ফটোকপি দাখিল করতে হবে;

১০। কর্তৃপক্ষ পদের সংখ্যা বৃদ্ধি এবং এ বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন;

১১। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২। আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলী:

পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://mefwd.teletalk.com.bd ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। এছাড়া ফরম পূরণ, জমাদানের নির্দেশাবলী ও অন্যান্য প্রযোজ্য শর্ত এবং তথ্যাবলীসহ পূর্ণাঙ্গ নিয়োগ বিজ্ঞপ্তি স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের ওয়েবসাইটে (www.mefwd.gov.bd) পাওয়া যাবে;

২৭/০৭/১৯

(মো: আনোয়ার হোছাইন আকন্দ)
উপসচিব (প্রশাসন-১)
ও
সদস্য-সচিব
১১-২০ গ্রেডের জনবল নিয়োগ কমিটি
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
ফোন: ৯৫৪৫৮২০

অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী:

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি **http://mefwd.teletalk.com.bd**এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। Online ফরম এর সকল অংশ (ছবি এবং স্বাক্ষর)সহ যথাযথভাবে পূরণ করে দিতে হবে। অসম্পূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল করা হবে;

**আবেদনের সময়সীমা নিম্নরূপ:**

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়ঃ ০১/১০/২০১৯ খ্রিঃ, সকাল- ১০:০০ টা।

ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ২১/১০/২০১৯ খ্রিঃ, বিকাল- ০৫:০০ টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ pixel) ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submitকরা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant'scopy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ১নং থেকে৩নং ক্রমিকের জন্য পরীক্ষার ফি বাবদ ১০০/-(একশত) টাকা ও Teletalk এর সার্ভিসচার্জ ১২.০০ টাকাসহ মোট ১১২/- (একশত বার) টাকাএবং ৪নং ক্রমিকের জন্য পরীক্ষার ফি বাবদ ৫০/-(পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিসচার্জ ৬.০০ টাকাসহ মোট ৫৬/- (ছাপ্পান) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, " Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

প্রথম SMS:**MEFWD**<space>**User ID** লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।

Example: MEFWD ABCDEF

Reply: Applicant's Name, Tk- 112/56(application fee) will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type MEFWD<Space>Yes<Space>PIN and send to 16222.

দ্বিতীয় SMS:**MEFWD**<space>**Yes**<space>**PIN** লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।

Example: MEFWD YES 12345678

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for MEFWD Application for post xxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি **http://mefwd.teletalk.com.bd** ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে **(শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে)** যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙ্গিন Print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করতে হবে;

জ. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

ঝ. i. User ID জানা থাকলে MEFWD<space>Help<space>User<space>User ID & Send to 16222.

Example: MEFWD Help User ABCDEF & send to 16222

ii. PIN Numberজানাথাকলে:MEFWD<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222.

Example: MEFWD Help PIN 12345678 & send to 16222.

ঞ. Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বরে অথবা vas.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে।

১৩। আবেদনপত্রে কোন তথ্য গোপন করা হলে বা কোন মিথ্যা তথ্য প্রদান করা হলে প্রার্থীর প্রার্থীতা বাতিল (যেকোন সময়ে) করা হবে এবং এ কারণে প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৪। উপরে উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বিধি বিধান প্রযোজ্য হবে।

মোঃ আনোয়ার হোছাইন আকন্দ
উপসচিব
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার